# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৫১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيِّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَسُمِ الرَّجُلُ على سَوْمِ أخيهِ الْمُسلم» . رَوَاهُ مُسلم

## বাংলা

২৮৫১-[১৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোনো লোক তার কোনো মুসলিম ভাইয়ের ক্রয়-বিক্রয়ের কথা বলার উপর নিজে ক্রয়-বিক্রয়ের কথা বলবে না। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫১৫, আহমাদ ৯৩৩৪, ইরওয়া ১২৯৮, সহীহ আল জামি‘ ৭৬০১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (عَلٰى خِطْبَةِ أَخِيهِ) অর্থাৎ- অন্য ভাইয়ের প্রস্তাবের উপর। ‘আল্লামা খত্ত্বাবী (রহঃ) সহ অন্যান্য ‘উলামাগণ বলেন যে, প্রথম প্রস্তাবদাতা যদি কাফির হয়, তবে তার ওপর মুসলিম ব্যবসা কিংবা বিবাহের ক্ষেত্রে প্রস্তাব দিতে পারবে। আর যদি প্রথম প্রস্তাবদাতা মুসলিম হয় তবে তার ওপর প্রস্তাব দেয়া হারাম। আওযা‘ঈ (রহঃ) অনুরূপ কথা বলেছেন। জুমহূর ‘উলামাগণ বলেছেন, কাফিরের প্রস্তাবের উপর প্রস্তাব করাও হারাম। তবে বিশুদ্ধ কথা হলো প্রস্তাবের ক্ষেত্রে ফাসিক বা অন্য কারো মাঝে কোনো পার্থক্য নেই। (শারহে মুসলিম ৯ম খন্ড, হাঃ ১৪১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68178

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন